


যুগান্তর

এইচএসসি পরীক্ষা

রাস্তামাটি জেলায় জিপিএ-৫ পেয়েছে মাত্র একজন

প্রকাশ : ২২ জুলাই ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাস্তামাটি প্রতিনিধি

এইচএসসি পরীক্ষার ফলাফলে রাস্তামাটিতে এবারও দেখা দিয়েছে হতাশা। অনেকের মতে, জেলার পড়ালেখার মান দিন দিন বিপর্যয়ের দিকে। ফলে ফলাফলে উল্লস নেই। মানসম্মত শিক্ষাব্যবস্থা না থাকায় এমনটা হচ্ছে। গত বছরের তুলনায় এবার পাসের হার বাড়লেও জিপিএ-৫ নেই। গোটা জেলার ১৭ শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে এবার জিপিএ-৫ পেয়েছে শুধু একজন। তার নাম জালাতুল তাজেরিন লাভিবা। তিনি রাস্তামাটি সরকারি কলেজ থেকে বিজ্ঞান বিভাগে পরীক্ষায় অংশ নিয়েছিলেন। লাভিবা রাস্তামাটি সিনিয়র মাদ্রাসার শিক্ষক আবদুর রশিদ ও জাহেদা বেগমের মেয়ে। দুই ভাইবোনের মধ্যে তিনি বড়।

প্রাপ্ত ফলাফলে জানা যায়, এবার এইচএসসি পরীক্ষায় জেলার পাসের হার ৪৯ দশমিক ২২, যা গত বছর ছিল ৪৫ দশমিক ৯৯। এবার জেলার কলেজভিত্তিক ১৭ প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশ নেয় ৫ হাজার ৯২৮ জন। পাস করেছে ২ হাজার ৯৪৬ জন। রাস্তামাটি সরকারি কলেজের ১ হাজার ৪১৯ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে একজন জিপিএ-৫সহ ৬৫০ জন।

রাস্তামাটি সরকারি মহিলা কলেজের ৮৩৬ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩৯৩ জন। রাস্তামাটি লেকার্স পাবলিক স্কুল অ্যান্ড কলেজের ১২৯ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১০৪ জন। রাস্তামাটি পাবলিক কলেজের ২০৫ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১১৩ জন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএস : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।